“কিয়ামতের দিন বান্দার দু’পা সরবে না, যতক্ষণ না তাকে প্রশ্ন করা হবে; তার আয়ু সম্পর্কে, সে তা কিসে শেষ করেছে? তার ইলম (বিদ্যা) সম্পর্কে, সে অনুযায়ী কী আমল করেছে? তার মাল সম্পর্কে, কী উপায়ে তা উপার্জন করেছে এবং তা কোন্ পথে ব্যয় করেছে? আর তার দেহ সম্পর্কে, কোন কাজে সে তা নষ্ট করেছে?”

আবূ বারযাহ আল-আসলামী রদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, তিনি বলেন: রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: “কিয়ামতের দিন বান্দার দু’পা সরবে না,
যতক্ষণ না তাকে প্রশ্ন করা হবে; তার আয়ু সম্পর্কে, সে তা কিসে শেষ করেছে? তার ইলম (বিদ্যা) সম্পর্কে, সে অনুযায়ী কী আমল করেছে? তার মাল সম্পর্কে, কী উপায়ে তা উপার্জন করেছে এবং তা কোন্ পথে ব্যয় করেছে? আর তার দেহ সম্পর্কে, কোন কাজে সে তা নষ্ট
করেছে?”
[সহীহ] [এটি তিরমিযী বর্ণনা করেছেন।]

এ হাদীসে নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম বর্ণনা করেছেন যে, কিয়ামতের দিন হিসাব নিকাশ দেওয়ার প্রাক্কালে কয়েকটি বিষয় সম্পর্কে জিজ্ঞাসা না করা পর্যন্ত কোন মানুষ জান্নাতের দিকে বা জাহান্নামের দিকে যেতে পারবে না। প্রথম: তার আয়ু সম্পর্কে, সে তা কিসে শেষ করেছে? দ্বিতীয়: তার ইলম (বিদ্যা) সম্পর্কে, সে কী তা আল্লাহর সন্তুষ্টির উদ্দেশ্যে অর্জন করেছে? সে কী তদানুযায়ী আমল করেছে? সে কী ইলমের উপযুক্ত ব্যক্তিদের কাছে তা পৌঁছে দিয়েছে? তৃতীয়: তার মাল সম্পর্কে, কোথা থেকে তা উপার্জন করেছে? হালাল উৎস থেকে না কি হারাম উৎস থেকে? এবং তা কোন্ পথে ব্যয় করেছে? তা কী আল্লাহর সন্তুষ্টির কাজে ব্যয় করেছে, নাকি আল্লাহর অসন্তুষ্টির কাজে ব্যয় করেছে? চতুর্থ: তার দেহ, দেহের শক্তি, সুস্থতা এবং যৌবন সম্পর্কে, সে কিসে তা নষ্ট ও তা ব্যবহার করেছে?

http://sunnah.global/hadeeth/bn/show/4950